

রাবির ভর্তি পরীক্ষা শুরু, বিভাগীয় পরীক্ষার বিষয়ে যা বললেন ভিসি

রাবি প্রতিনিধি

২৯ মে ২০২৩ ০১:০১ পিএম | আপডেট: ২৯ মে ২০২৩
০১:০৩ পিএম

28
Shares

Subscribe & Vibe With Anuv Jain

✓ Top 100 new **panda pro** subscribers get tickets for the concert.

✓ Top 10 subscribers get to meet Anuv Jain!*

*T&Cs apply. For details check our app or the comment section.

**Subscribe & Vibe
With Anuv Jain**

SUBSCRIBE NOW

✓ Top 100 new **panda pro subscribers
get tickets for the concert.**

**✓ Top 10 subscribers
get to meet Anuv Jain!***

*T&Cs apply. For details check our app or the comment section.

সংবাদ সম্মেলনে রাবি উপাচার্য অধ্যাপক গোলাম সাবির সান্তার। ছবি: আমাদের সময়

advertisement..

‘সি’ ইউনিটের (বিজ্ঞান শাখা) পরীক্ষার মধ্য দিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। এই ইউনিটে কোটসহ ৭৫ হাজার ৮৫০ জন ভর্তিচ্ছু অংশ নিচ্ছেন। আজ সোমবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের ১০টি কেন্দ্রে এই পরীক্ষা শুরু হয়।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, চার শিফটে দিনব্যাপী এই পরীক্ষা চলবে। সকাল ৯টা-১০টা, বেলা ১১টা-১২টা, দুপুর ১টা-২টা ও সাড়ে ৩টা-সাড়ে ৪টা পর্যন্ত শিফটগুলো বিভক্ত করা হয়েছে। ১০০ নম্বরের বহুনির্বাচনী প্রশ্নগুলোর মেধা মূল্যায়ণ করা হবে। প্রতি চারটি ভুল উত্তরে ১ নম্বর কাটা যাবে। নূন্যতম পাশ নম্বর ৪০। তিন ইউনিটে গড় আবেদন পড়েছে ১ লাখ ৭৮ হাজার ৫৭৪টি।

advertisement

এদিকে, সকাল সাড়ে ৯টায় স্যার জগদীশচন্দ্র বসু একাডেমিক ভবনের সামনে এক সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গোলাম সাবির সাত্তার বলেন, ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে প্রশাসন সর্বদা তৎপর রয়েছে। পরীক্ষায় কোনো রকম জালিয়াতির সুযোগ নেই।

এ ব্যাপারে সতর্ক থাকার আহ্বান জানান এবং সকলের সহযোগিতায় সার্বিক কার্যক্রম সম্পন্ন হবে বলেও প্রত্যশা করেন উপাচার্য।

বিভাগীয় পর্যায়ে পরীক্ষার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, এই বিশ্ববিদ্যালয় স্বতন্ত্র নীতিমালা (১৯৭৩-এর অ্যাক্ট) অনুযায়ী চলে। সে ক্ষেত্রে একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হয়। তা ছাড়া দেশের সব বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা কেন্দ্রীয়ভাবে নেওয়ার আলোচনা চলছে। তাই সার্বিক দিক বিবেচনা করে পরবর্তী এই বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

এ সময় উপস্থিত ছিলেন- বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্যবৰ্ষ অধ্যাপক সুলতান-উল-ইসলাম ও অধ্যাপক হুমায়ুন কবির, রেজিস্ট্রার অধ্যাপক আব্দুস সালাম, প্রক্টর অধ্যাপক আসাবুল হক, ছাত্র উপদেষ্টা অধ্যাপক জাহাঙ্গীর আলম সাউদ ও জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক প্রদীপ কুমার পাণ্ডে প্রমুখ।

28
Shares